তারিখ 23 JAN 2016
পৃষ্ঠা ২৩ কলাম ৩

যুগান্তর

# ধুনটে প্রধান শিক্ষকের বিরুদ্ধে নিয়োগ বাণিজ্যের অভিযোগ

**বগুড়া ব্যুরো**

ধুনটে মাঠপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুস সালামের বিরুদ্ধে সরকারি নিয়ম-নীতি উপেক্ষা করে নিয়োগ বাণিজ্যের অভিযোগ উঠেছে। এ ব্যাপারে এলাকার সচেতন নাগরিকদের পক্ষে উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালকসহ বিভিন্ন দফতরে লিখিত অভিযোগ করা হয়েছে। প্রধান শিক্ষক তার বিরুদ্ধে আনীত অভিযোগ দৃঢ়তার সঙ্গে অস্বীকার করছেন।

অভিযোগে উল্লেখ করা হয়েছে, মাঠপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়ে হিন্দু ছাত্রছাত্রী না থাকলেও প্রধান শিক্ষক আবদুস সালাম হিন্দু ধর্ম (কাব্যতীর্থ) বিষয়ে একজন শিক্ষক নিয়োগের উদ্যোগ নেন। গত ১১ অক্টোবর স্থানীয় একটি দৈনিকে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। নির্ধারিত ১৫ দিনের মধ্যে কেউ আবেদন না করলে নিয়োগ প্রক্রিয়া বাতিল হয়ে যায়। এরপর ম্যানেজিং কমিটির মাধ্যমে বেসরকারি স্কুল ও কলেজের নিয়োগ প্রক্রিয়া বন্ধ করার জন্য সরকারি প্রজ্ঞাপন জারি করা হয়। সরকারি ওই নির্দেশ অমান্য করে মাঠপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সভাপতি সহকারী শিক্ষক (হিন্দু ধর্ম) নিয়োগের জন্য আবারও গত ৭ নভেম্বর স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নুর আলমের সহযোগিতায় ৩১ ডিসেম্বর মোটা অংকের টাকার বিনিময়ে জয়ন্তি বালা নামে একজনকে হিন্দু ধর্ম বিষয়ে শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে।

প্রধান শিক্ষক আবদুস সালামের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি সাংবাদিকদের কাছে জয়ন্তি বালাকে নিয়োগ দেয়ার কথা স্বীকার করেন। তিনি বলেন, ৭ নভেম্বর পত্রিকায় দেয়া নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কে তার কিছু জানা নেই। প্রধান শিক্ষক নিয়োগের বিনিময়ে টাকা নেয়ার কথাও তিনি অস্বীকার করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নুর আলম তথ্য গোপন করে শিক্ষক নিয়োগ দেয়া বিষয়টি স্বীকার করলেও তিনি এ ব্যাপারে কি ব্যবস্থা নেবেন সে সম্পর্কে কোনো মন্তব্য করেননি।